



# রেজিস্ট্রারের কার্যালয়

## বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১-২১৭৭৪৩১, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭, ০১৮৭৬০০৪৪৬৬  
web: barisaluniv.edu.bd, e-mail: pr\_monirulislam@yahoo.com

তারিখ: ০৯ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ  
২৪ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

### প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক উদ্ভূত পরিস্থিতির বিষয়ে আলোচনার জন্য সিভিকেটের এক জরুরী সভা অদ্য ২৪/০৭/২০১৭ তারিখ অনুষ্ঠিত হয়। অনাকাঙ্ক্ষিত কতিপয় ঘটনায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনের সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হওয়ায় সভা থেকে গভীর উদ্বেগ ও উৎকণ্ঠা প্রকাশ করা হয়। সিভিকেট এই অবস্থার নিরসনকল্পে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও বরিশালবাসী সহ সংশ্লিষ্ট সকল মহলকে সহনশীল ও সহযোগিতাপূর্ণ মনোভাব নিয়ে এগিয়ে আসার জন্য আহ্বান জানাচ্ছে। সিভিকেট আশাবাদী যে, উদ্ভূত পরিস্থিতি নিরসনকল্পে সকল মহল এগিয়ে এসে মুক্তিযুদ্ধের চেতনায় বরিশাল বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে একযোগে কাজ করবেন।

(মো. মনিরুল ইসলাম)

রেজিস্ট্রার

ও

সচিব, সিভিকেট

বরিশাল বিশ্ববিদ্যালয়